**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট ৬৯০৯টি আসনের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে ২১০৩টি আসনে । বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন ।**

**(২) সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় আগরতলা এমবিবি বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষণার প্রক্রিয়াকে প্রাধান্য দেওয়ার বিষয়ে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন ।**

**(৩) ন্যাশনাল টেস্টিং এজেন্সি (NTA) আজ NEET-UG 2024-এর একটি সংশোধিত ফলাফল প্রকাশ করেছে ।**

**(৪) কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ ভারতের ৫০০ তম কমিউনিটি রেডিও স্টেশনের উদ্বোধন করেছেন ।**

*********************************************

**Panchayat Election :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট ৬৯০৯টি আসনের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে ২১০৩টি আসনে। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এর মধ্যে

৬০৬ টি গ্রাম পঞ্চায়েতের মোট ৬৩৭০টি আসনের মধ্যে ৪ হাজার ৫৫১টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এর ফলে গ্রাম পঞ্চায়েতের ১৮১৯টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। ৩৫টি পঞ্চায়েত সমিতির মোট ৪২৩টি আসনের মধ্যে ২৩৫টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। নির্বাচন অনুষ্ঠিত হবে পঞ্চায়েত সমিতির ১৮৮টি আসনে। আটটি জিলা পরিষদের মোট ১১৬টি আসনের মধ্যে কুড়িটি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এর ফলে জিলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে বাকি ৯৬টি আসনে। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী, গ্রাম পঞ্চায়েত নির্বাচনে মোট সাতটি ব্লকে বিজেপি প্রার্থীরা সবকটি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এই ব্লকগুলি হল, দুর্গা চৌমুহনী, পুরাতন আগরতলা, জিরানিয়া, বক্সনগর, জোলাইবাড়ি, নলছড় ও টেপানিয়া। ৩৫টি পঞ্চায়েত সমিতির নির্বাচনে তেরোটি ব্লকের সবকটি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এই ব্লক গুলি হল, দুর্গা চৌমুহনী ,কল্যাণপুর, মোহনপুর, বামুটিয়া, পুরাতন আগরতলা, ডুকলি,জিরানিয়া, নলছড়, চড়িলাম, বক্সনগর, তেপানিয়া, পোয়াংবাড়ি ও রাজনগর।

******************************

**Biplab kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় আগরতলা এমবিবি বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষণার প্রক্রিয়াকে প্রাধান্য দেওয়ার বিষয়ে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কিনজারাপু রামমোহন নাইডুর দৃষ্টি আকর্ষণ

করেন। শ্রী দেব বলেন বিমানবন্দরটি আন্তর্জাতিক রূপে স্বীকৃতি পেলে বিদেশী পর্যটকরাও রাজ্যে আসতে পারবেন এবং তা রাজ্যের অর্থনীতিকে সুদৃঢ় করবে। পাশাপাশি তিনি বিমানবন্দরে ইমিগ্রেশন চেকপোষ্টের সূচনা করা সহ বিমান বন্দরের পরিচালন ব্যবস্থার অত্যাধুনিকীকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। কেন্দ্রীয় মন্ত্রী বিষয়টি শীঘ্রই বিবেচনা করে দেখার প্রতিশ্রুতি দিয়েছেন বলে জানা গেছে।

*****************************

**Blood donation, P Bhowmik :**

প্রাক্তন কেন্দ্রীয়মন্ত্রী প্রতিমা ভৌমিক আজ অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বিবেকানন্দ হল ঘরে সাত দিনব্যাপী জাতীয় সেবা প্রকল্পের শিবিরের উদ্বোধন করেন। শিবিরের উদ্বোধন করে শ্রীমতি ভৌমিক বলেন সমাজ পরিবর্তনের লক্ষ্যে সমাজ সেবার মানসিকতা স্কুল পড়ুয়াদের মধ্যে বিকশিত করার জন্য এই ধরণের শিবির খুবই প্রাসঙ্গিক। এই উপলক্ষে আয়োজিত রক্তদান শিবিরের এক জন মহিলা সহ মোট ৩৩ জন স্বেচ্ছা সেবক স্বেচ্ছায় রক্তদান করেন।

শিবিরে অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, অমরপুর বিএসির চেয়ারম্যান রবিত্র জমাতিয়া প্রমুখ।

**********************************************

**Nipun Tripura :**

শিক্ষা সপ্তাহের সাত দিনব্যাপী কর্মসূচির চতুর্থ দিনে আজ রাজ্যের সমস্ত বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। আগামীকাল

থাকবে বৃত্তিমূলক ও তথ্য প্রযুক্তি বিষয়ের উপর আলোচনা। নিপুন ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার অভিজিৎ সমাজপতি একথা জানিয়ে বলেন রাজ্যে একইসঙ্গে বুনিয়াদি শিক্ষা দপ্তরের নিপুন ত্রিপুরা শাখার উদ্যোগে এন্ড লাইন অ্যাসেসমেন্ট সার্ভের কাজও চলছে। উল্লেখ্য, এই সার্ভের মাধ্যমে তৃতীয় শ্রেণীতে পাঠরত সমস্ত ছাত্রছাত্রীদের ভাষাগত ও গাণিতিক বিষয়ের মূল্যায়ন করা হবে।

****************************

**BJP :**

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান, আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। তিনি বলেন সাংগঠনিক কারণে বিরোধীরা এই সমস্ত আসনে প্রার্থী দিতে পারেনি। শ্রী ভট্টাচার্য উন্নয়নের নিরিখেই মানুষ লোকসভার মতো পঞ্চায়েত নির্বাচনে বিজেপির উপর আস্থা রাখবে বলে আশা প্রকাশ করেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সহ সভাপতি তাপস ভট্টাচার্য, সাধারণ সম্পাদক অমিত রক্ষিত প্রমুখ।

******************************

**Congress Press Meet :**

সারা ভারত মহিলা কংগ্রেসের উদ্যোগে আগামী ২৯ জুলাই দিল্লিতে সংসদ ভবন ঘেরাও কর্মসূচির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে দেশের বিভিন্ন রাজ্যের নেতৃবৃন্দ শামিল হবেন। কর্মসূচি সফলভাবে রূপায়ণ করার জন্য ত্রিপুরার থেকেও দায়িত্বপ্রাপ্তরা যোগ দেবেন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক

সাংবাদিক সম্মেলনে একথা জানান ত্রিপুরা প্রদেশ মহিলা কংগ্রেসের সভাপতি সর্বানি ঘোষ চক্রবর্তী।

***********************************

**News Time :**

শ্রোতাবন্ধুরা। একটি বিশেষ ঘোষণা। আগামীকাল থেকে অনুষ্ঠেয় অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতার ধারাবিবরণী প্রচারের পরিপ্রেক্ষিতে আকাশবাণীর সংবাদ প্রচারের সময়েরও কিছু পরিবর্তন করা হয়েছে। আগামীকাল অর্থাৎ ২৬শে জুলাই থেকে আগামী ১১ই আগষ্ট পর্যন্ত আকাশবাণী আগরতলা কেন্দ্রের সকালের সংবাদের সময় পরিবর্তন করা হয়েছে। আগামীকাল থেকে আগামী ১১ই আগষ্ট পর্যন্ত সকাল সাতটা বেজে ৩৫ মিনিটের স্থানীয় বাংলা সংবাদ আপনারা শুনতে পাবেন সকাল ৭:২০ মিনিটে এবং সকাল সাতটা চল্লিশ মিনিটের ককবরক সংবাদ শোনা যাবে সকাল সাতটা বেজে ২৫ মিনিটে।

*************************

**NEET-UG Result :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (NTA) আজ NEET-UG 2024-এর একটি সংশোধিত ফলাফল প্রকাশ করেছে। প্রশ্নপত্রে একটি বিতর্কিত পদার্থবিজ্ঞানের প্রশ্নের সঠিক বিকল্প বিবেচনা করে সংশোধিত ফলাফল ঘোষণা করা হয়েছে। আইআইটি দিল্লির একটি বিশেষজ্ঞ কমিটি বিতর্কিত প্রশ্নের সঠিক বিকল্প হিসেবে ৪র্থ বিকল্পের সুপারিশ করে। ছাত্ররা NTA-এর অফিসিয়াল ওয়েবসাইটে তাদের সংশোধিত স্কোর কার্ড দেখতে পাবেন।

সুপ্রিম কোর্ট, গত সোমবার NEET-UG পরীক্ষায় পদার্থবিদ্যার প্রশ্নের সঠিক উত্তর হিসাবে দুটি বিকল্পকে বিবেচনা করার NTA-এর সিদ্ধান্তের বিষয়ে মতামত দেওয়ার জন্য IIT দিল্লিকে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করতে বলেছিল।

এর আগে, সুপ্রিম কোর্ট NEET-UG 2024 পরীক্ষা বাতিল করে পুনরায় গ্রহণ করার আবেদন খারিজ করে দেয়। সর্বোচ্চ আদালত বলেছিল যে পরীক্ষায় পদ্ধতিগতভাবে নীতি লঙ্ঘনের যথেষ্ট প্রমাণ নেই।

************************

**Budget Discussion :**

লোকসভায় কেন্দ্রীয় বাজেট নিয়ে আজ আবার আলোচনা শুরু হয়। আলোচনায় অংশ নিয়ে কংগ্রেসের চরণজিৎ সিং চান্নি অভিযোগ করেন যে বাজেট মানুষকে হতাশ করেছে। তিনি সংসদ ভবনে ডঃ বিআর আম্বেদকরের মূর্তি স্থানান্তর নিয়ে প্রশ্ন তোলেন। শ্রী চান্নি অভিযোগ করেছেন যে এই বাজেটে পাঞ্জাবকে বঞ্চিত করা হয়েছে। MGNREGA র মজুরি বৃদ্ধি করা হয়নি কেন, এই প্রশ্নও তোলেন তিনি। শ্রী চান্নির কিছু মন্তব্য নিয়ে সভায় কংগ্রেস সাংসদ এবং ট্রেজারি বেঞ্চের সদস্যদের মধ্যে উত্তপ্ত তর্কাতর্কি চলে।

বাজেটের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ প্রত্যাখ্যান করে, এনসিপি-র সুনীল তাটকরে বলেন যে তাঁর রাজ্য মহারাষ্ট্রে এনডিএ শাসনকালে সর্বাধিক উন্নয়ন হয়েছিল। তিনি বলেন, সংসদে বিরোধী দলের সদস্যরা এবার শুধু সমালোচনার খাতিরে বাজেটের সমালোচনা করছে। তৃণমূলের সাংসদ সৌগত রায়

অভিযোগ করেছেন যে এটি সাম্প্রতিক সময়ে সবচেয়ে বিভাজনমূলক বাজেট। তিনি দাবি করেন যে বাজেটের অনেকগুলি দিক কংগ্রেস দলের ইশতেহার থেকে নেওয়া হয়েছে এবং শিক্ষার্থীদের জন্য শিক্ষা ঋণ প্রকল্পটি পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রকল্পের হুবহু অনুলিপি।

*****************************************

**Rajyasabha :**

রাজ্যসভায় আজ ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট এবং জম্মু ও কাশ্মীরের চলতি অর্থবছরের বাজেট নিয়ে আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে কংগ্রেসের রণদীপ সিং সুরজেওয়ালা কৃষক, দরিদ্র ও বেকারত্বের সমস্যা তুলে ধরেন। তিনি বলেন, বাজেটে কৃষকদের ঋণ মুকুবের কোনো প্রস্তাব রাখা হয়নি। তিনি আরও বলেন যে সরকার কৃষকদের খাদ্যশস্যের জন্য পর্যাপ্ত ন্যূনতম সহায়ক মূল্য প্রদান করছে না। এএপি-র রাঘব চাড্ডা অভিযোগ করেন যে এই বাজেটের মাধ্যমে সরকার সমাজের সমস্ত অংশকে অসন্তুষ্ট করেছে। তিনি দাবি করেন, সাধারণ মানুষের ওপর করের বোঝা বেড়েছে এবং গ্রামীণ আয়ের প্রবৃদ্ধিও কম। মূল্যস্ফীতি ও বেকারত্বের প্রসঙ্গও তুলে ধরেন তিনি। বিজেডি-র দেবাশিস সামন্ত অভিযোগ করেছেন যে বাজেটে দেশের আঞ্চলিক আকাঙ্ক্ষা উপেক্ষিত হয়েছে। তিনি আরও অভিযোগ করেন যে বাজেটে কেন্দ্র ওড়িশাকে কিছুই দেয়নি। আরজেডির সঞ্জয় যাদব বাজেটকে গরিব-বিরোধী বলে অভিহিত করেছেন। তিনি বলেন, কর্মসংস্থান ও কর্মসংস্থানের হার নিয়ে বাজেট নীরব। তিনি দাবি করেন যে বিশ্বের পঞ্চম বৃহত্তম

অর্থনীতি হওয়া সত্ত্বেও, ভারত মাথাপিছু আয়ে ১৯৭টি দেশের মধ্যে ১৪২তম স্থানে রয়েছে। তৃণমূলের সামিরুল ইসলাম অভিযোগ করেন, এই বাজেট জনবিরোধী। তিনি বলেন, বাজেটে দেশের বিশেষ করে অসংগঠিত ক্ষেত্রে সুবিধাবঞ্চিতদের অবহেলা করা হয়েছে।

বিজেপি সাংসদ মেধা কুলকার্নি বাজেটের প্রশংসা করে বলেন যে অর্থমন্ত্রী নির্মলা সীতারমন মহারাষ্ট্রের জন্য যথেষ্ট ব্যবস্থা করেছেন। নাগপুরে নাগ নদী এবং পুনেতে মুলতা-মুথা পরিষ্কারের জন্য বাজেটের সংস্থান উল্লেখ করে তিনি বলেন, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রী শুধু গঙ্গা নদীর জন্য নয়, অন্যান্য নদীর জন্যও সংস্থান রেখেছেন। ডিএমকে-র এন শানমুগাম, এআইএডিএমকে-র সিভি শানমুগাম, কংগ্রেসের রজনী পাতিল এবং অন্যান্যরাও বিতর্কে অংশ নেন।

*******************************

**Community Radio :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান এবং মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহোমার উপস্থিতিতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারতের ৫০০ তম কমিউনিটি রেডিও স্টেশনের উদ্বোধন করেছেন৷ এই স্টেশন, আপনা রেডিও 90.0 এফএম, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ মাস কমিউনিকেশন, আইজল দ্বারা পরিচালিত একটি স্টেশন। উদ্বোধনী ভাষণে শ্রী বৈষ্ণব বলেন যে এই উদ্যোগটি আপনা রেডিও স্টেশনের পরিধির এলাকায় মানুষের জীবনে একটি উল্লেখযোগ্য পরিবর্তন আনবে। তিনি বলেন যে এটি সরকারের অ্যাক্ট ইস্ট নীতিতেও একটি উল্লেখযোগ্য মাইলফলক। মন্ত্রী মিজোরামের মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন

যে কেন্দ্রীয় বাজেট উত্তরপূর্বাঞ্চলের জন্য রেল বাজেটের অধীনে রেকর্ড বরাদ্দ করেছে। এটি মিজোরামের জন্য ভাল রেল সংযোগ পাওয়ার দীর্ঘ দিনের লালিত স্বপ্নকে শক্তিশালী করবে। অনুষ্ঠানে ড. মুরুগান এই ধরনের স্টেশনগুলির সামাজিকভাবে উপকারী পভূমিকার কথা তুলে ধরেন। তথ্য অনুষ্ঠানে শ্রী বৈষ্ণব দশম জাতীয় কমিউনিটি রেডিও পুরস্কারের বিজয়ীদের নাম ঘোষণা করেন।

*******************************

**Election Training-South :**

জোলাইবাড়ি ব্লক এলাকায় ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের কাজে নিযুক্ত ভোট কর্মীদের মহড়া আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুলে অনুষ্ঠিত হয়। জোলাইবাড়ি ব্লকের সহকারী রিটার্নিং অফিসার সুজিত দাস, নিলেন্দু দাস প্রমুখ ভোট কর্মীদের ভোট গ্রহন প্রক্রিয়ার সঙ্গে যুক্ত বিষয়গুলি অবহিত করেন।

********************************

**KHOWAI, Campaign :**

খোয়াই জিলা পরিষদ, খোয়াই পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন আসনের জন্য শাসক দল বিজেপি জোরদার নির্বাচনী প্রচারে নেমে পড়েছে। আজ সকালে খোয়াই পঞ্চায়েত সমিতির ১৩ নম্বর আসনের প্রার্থী তাপস কান্তি দাসের সমর্থনে ভোটারদের বাড়ি বাড়ি প্রচারে অংশগ্রহণ করেন মন্ডল সভাপতি সুব্রত মজুমদার সহ অন্যান্য নেতৃবৃন্দ। মধ্য গনকী পঞ্চায়েতের ৩ এবং ৭ নম্বর ওয়ার্ডের প্রার্থীদের সমর্থনে বাড়ি বাড়ি প্রচারে অংশগ্রহণ করেন বিজেপি জেলা কমিটির সাধারণ সম্পাদক সমীর কুমার দাস।

**************************

**Arrest :**

আমতলী থানার পুলিশ আজ বেলাবর সীমান্ত এলাকা থেকে ২ যুবককে গ্রেফতার করেছে। মানব পাচারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তাদের গ্রেফতার করা হয় বলে পুলিশ জানিয়েছে।

******************************

**3 new law :**

নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারন নাগরিকদের সচেতন করতে আজ মান্দাই ব্লকের অন্তর্গত পূর্ব নোয়াবাদী ভিলেজে আইনি শিবিরের আয়োজন করা হয়। শিবিরে নতুন তিন আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নিয়ে আলোচনা করেন আইনজীবী ভবতোষ দেবনাথ। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে এই শিবিরে আলোচনা করেন পূর্ব নোয়াবাদী ভিলেজের সচিব অর্চনা রুদ্রপাল, আইনি স্বেচ্ছাসেবক রাজীব কুমার পাল প্রমুখ।

**************************

**Second division football :**

রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত দ্বিতীয় ডিভিশন ফুটবল লিগে আজ দুটি ম্যাচ আয়োজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম ম্যাচে বীরেন্দ্র ক্লাব ৬-১ গোলে নবোদয় সংঘকে পরাজিত করে। এদিকে, দ্বিতীয় ম্যাচে আগরতলা স্পোর্টস স্কুল ৪-২ গোলের ব্যবধানে কল্যান সমিতিকে হারিয়ে দেয়।

***************************

**Senior Cricket Tournament-Baikhora :**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের আয়োজিত সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে জগন্নাথ পাড়া প্লে সেন্টার ৭ উইকেটে চুংকু থাঙ্গা ক্লাবকে পরাজিত করেছে। প্রথমে ব্যাট করতে নেমে চুংকু থাঙ্গা ক্লাব নির্ধারিত ১৫ ওভারে ৯ উইকেট হারিয়ে ২১৮ রান তোলে। জবাবে বিজয়ী দল জগন্নাথ পাড়া প্লে সেন্টার ৩০ ওভার ৩ বলে ৩ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের গোবিন্দ মজুমদার সর্বোচ্চ ৭২ রান করেন।

**************************************************
*******

**Football :**

আসামের নোয়াগাঁও –এ অনুষ্ঠিতব্য ডঃ বিসি রায় ট্রফি জুনিয়র ফুটবল প্রতিযোগিতায় অংশ নিতে রাজ্যদল আজ ট্রেনে করে রওনা দিয়েছে। আসরে আগামী ২৯ জুলাই ত্রিপুরার প্রথম ম্যাচ হবে মধ্য প্রদেশের বিরুদ্ধে। রাজ্য দল ৩১ জুলাই গুজরাট, ৪ঠা আগস্ট উত্তরাখন্ড এবং ৬ আগস্ট জম্মু এবং কাশ্মীরের বিরুদ্ধে খেলবে। দলের কোচ ইন্দ্রজিৎ সূত্রধর জানান, আসরে ত্রিপুরার সাফল্য নিয়ে তিনি আশাবাদী।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

*********************************